## যুক্তরাষ্ট্রের নাট্যোৎসবে মঞ্চস্থ হবে লোকনাট্যদলের 'কঞ্জুস'



আমেরিকান অ্যাসোসিয়েশন অব কমিউনিটি থিয়েটার (এএটিসি) ওয়ার্ল্ড ফেস্ট শুরু হয়েছে ১৬ জুন। মঞ্চ নাটকের এই বৈশ্বিক আয়োজনে অংশ নিচ্ছে বাংলাদেশের নাটকও। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় এই উৎসবে আমন্ত্রণ পেয়েছে বাংলাদেশের লোকনাট্যদলের নাটক 'কঞ্জুস'। ১৭ এবং ১৮ জুন মঞ্চস্থ হয় নাটকটি। একজন কৃপণ লোকের সংসারের নানা কাহিনী নিয়ে আবর্তিত এ নাটকের নির্দেশনায় রয়েছেন লিয়াকত আলী লাকী। বাংলাদেশে সবচেয়ে বেশিবার মঞ্চস্থ হওয়া 'কঞ্জুস' এর আগে মঞ্চস্থ হয়েছে ফ্রান্স, ইংল্যান্ড আর ভারতের বিভিন্ন আন্তর্জাতিক উৎসবে।

## মৃত্যুশয্যায়ও আমার বাবা-মা বাংলাদেশ ছাড়ার অনুতাপে ভুগেছেন : দেবাজ্যোতি মিশ্র



যদিও বক্তব্য ছিল সংগীতকে ঘিরে, তবুও সেই সংগীতের মধ্য দিয়েই নিজের জীবনের করুণ এক অধ্যায় দর্শকদের সামনে তুলে ধরেছেন উপমহাদেশের বিখ্যাত মিউজিক কম্পোজার দেবাজ্যোতি মিশ্র। সম্প্রতি কলকাতায় বিক্রামান নায়ার মেমোরিয়াল লেকচারে তিনি জানান, দেশ বিভাগের সময় তার পরিবারের বাংলাদেশ ছাড়ার কষ্টের কথা। এমনকি তার বাবা-মা মৃত্যুশয্যায়ও এ ঘটনার জন্য অনুতাপ করেছেন বলে জানিয়েছেন মিশ্র। 'বাড়িওয়ালী', 'চোখের বালি'র মতো নন্দিত সব ছবিতে মিউজিক কম্পোজার দেবাজ্যোতি মিশ্রের ক্যারিয়ার শুরু হয় বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা সত্যজিৎ রায়ের সঙ্গে ভায়োলিন বাদক হিসেবে কাজ করে। সত্যজিতের সঙ্গে তার সবচেয়ে সেরা কাজ 'ঘরে বাইরে' ছবির 'একি লাবণ্যে পূর্ণ প্রাণ' গানটি।

## এসকোবার



স্মৃতিময় খেলা

১৯৯৪ বিশ্বকাপের এক খেলায় কলম্বিয়ার বিখ্যাত ডিফেন্ডার আন্দ্রেস এসকোবার (১৩ মার্চ, ১৯৬৭–২ জুলাই, ১৯৯৪)। ১৯৮৮ সালে কানাডার বিরুদ্ধে কলম্বিয়া দলের হয়ে অভিষেক হয় এসকোবারের। ১৯৯৪ সালের বিশ্বকাপে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে খেলায় তার আত্মঘাতী গোলে ১-২ গোলে হেরে বিশ্বকাপের প্রথম রাউন্ড থেকেই বিদায় নেয় কলম্বিয়া। দেশে ফেরার পর মেডেলিন শহরের এল ইন্দিও বারের পার্কিং লটে গুলি করে হত্যা করা হয় এসকোবারকে। এক মাদক চোরাচালানির দেহরক্ষী হামবার্তো ক্যাস্ত্রো মুনোজ এ হত্যাকাণ্ডের দায় স্বীকার করে। কলম্বিয়ার পক্ষে বিপুল বাজি ধরে হেরে যাওয়ায় এসকোবারকে হত্যা করা হয়।

আলো



## বি এম এ হালিম

মাগুরার শিল্প-সাহিত্যকে গৌরবময় মর্যাদা দেয়ার লক্ষ্যে দীর্ঘ ৪০ বছর ধরে মেধা, শ্রম আর নিষ্ঠার সঙ্গে কাজ করে চলেছেন তিনি। তিনিই প্রতিষ্ঠা করেছেন জেলার সবচেয়ে পুরনো সাহিত্য সংগঠন 'নবগঙ্গা সাহিত্য গোষ্ঠী'। একাধারে তিনি সাহিত্যানুরাগী, সংগঠক ও সমাজসেবক। সাহিত্যচর্চার পাশাপাশি মানুষের কল্যাণেও নিরলস শ্রম দিয়ে যাচ্ছেন। ঘূর্ণিঝড় ও বন্যাদুর্গতদের পাশে গিয়ে দাঁড়ানো, শীতার্তদের সাহায্য, গরিব-মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান, গুণীজন সম্মাননা, আলোকিত মা ক্রেস্ট প্রদান, এসএসসিতে জিপিএ-৫ প্রাপ্তদের সংবর্ধনা, পথনাটক ও মঞ্চনাটকসহ নানা সামাজিক কর্মকাণ্ডে জড়িয়ে আছেন তিনি। কবিতা আবৃত্তির কর্মশালা আয়োজনসহ নিয়মিত বাংলাদেশ টেলিভিশনে জেলার কবি ও আবৃত্তিশিল্পীদের নিয়ে অংশগ্রহণ করেছেন। কথা প্রসঙ্গে তিনি জানান, 'মাগুরায় ১৯৭৫ সালে কোনো সাহিত্য সংগঠন ছিল না বললেই চলে। এ সময় নতুন লেখকদের ঐক্যবদ্ধ করা ও তাদের লেখা প্রকাশ করার জন্য নবগঙ্গা সাহিত্য গোষ্ঠী প্রতিষ্ঠা করি। প্রত্যন্ত অঞ্চলে শিল্প-সাহিত্যকে বিকশিত করা এই সংগঠনের অন্যতম কার্যক্রম। নবগঙ্গা সাহিত্য গোষ্ঠীর মাধ্যমে বিভিন্ন জাতীয় দিবস পালনের পাশাপাশি মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছি। প্রত্যেকেরই উচিত মানুষের পাশে এসে দাঁড়ানো।'

**–লিটন ঘোষ জয়**

## তারকাদের কৃত্রিম চেহারা

কসমেটিক ও প্লাস্টিক সার্জারি করে ত্বকের রঙ ও চেহারা বদলে নেয়ার ক্ষেত্রে বিস্ময়কর বিপ্লব ঘটে গেছে। এই উপমহাদেশের বলিউড তারকারাও বেশ ভালোভাবেই ব্যবহার করেছেন তা। চলুন জেনে নেয়া যাক এমন তারকাভিনেত্রীদের কথা, যারা ত্বকের রং উজ্জ্বল করেছেন কৃত্রিম উপায়ে।



**শ্রীদেবী :** 'শোলভা সাওয়ানে'র সেই কালো গোলগাল চেহারার নায়িকার সঙ্গে আজকের শ্রীদেবীর মিল খুঁজতে গেলে হিমশিম খেতে হবে যে কাউকেই। পরবর্তী ছবিগুলোর হার্টথ্রব সুন্দরী তারকা শ্রীদেবীর সঙ্গে তার আকাশ-পাতাল ফারাক। বোঝাই যাচ্ছে তিনিও তার রূপ বদলেছেন কৃত্রিম উপায়ে। শ্রীদেবী তার অভিনয় ক্যারিয়ার শুরু করেছিলেন শিশুশিল্পী হিসেবে। বছরের পর বছর ভক্তদের অসাধারণ সব ছবি উপহার দিলেও বলিউডের অন্য অভিনেত্রীদের মতো কখনই প্রকাশ্যে তার চেহারার পরিবর্তন নিয়ে কোনো কথা বলেননি। কিন্তু তাই বলে কি বন্ধ করতে পেরেছেন সমালোচকদের মুখ?

## মুখোমুখি অজয়-স্ট্যালন




১৫ আগস্ট ভারতের স্বাধীনতা দিবসে মুক্তি পেতে যাচ্ছে অজয় দেবগনের সুপারহিট অ্যাকশন ছবি 'সিঙ্গামে'র সিক্যুয়েল 'সিঙ্গাম রিটার্নস'। তবে কেবল ছবিতেই নয়, বক্স অফিসেও আক্ষরিক অর্থে যুদ্ধে নামতে হচ্ছে অজয়কে! কেননা হলিউডের সুপারহিট ছবি 'এক্সপেন্ডেবলসে'র তৃতীয় সিক্যুয়াল 'দ্য এক্সপেন্ডেবলস থ্রি'ও যে একই দিন মুক্তি পেতে যাচ্ছে! 'দ্য এক্সপেন্ডেবলস থ্রি' মুক্তি পাবে হিন্দি, তেলেগু, তামিলসহ ৪ ভাষায়– ভারতের ৮শ সিনেমা হলে। এখন দেখার অপেক্ষা সিলভেস্টার স্ট্যালন, আর্নল্ড শোয়ার্জনেগার, মেল গিবসন, হ্যারিসন ফোর্ড আর জেসন স্ট্যাথামের মতো বড় তারকাদের ছবির সঙ্গে কেমন জমে অজয় দেবগনের 'সিঙ্গাম রিটার্নস'-এর বক্স অফিস যুদ্ধ।

## ভারতের সেরা স্টাইল আইকন সোনম কাপুর



২৯তম জন্মদিনটা বিশেষভাবেই স্মরণে থাকবে বলিউড অভিনেত্রী, অনিলকন্যা সোনম কাপুরের। এদিনই যে তিনি খেতাব পেয়েছেন ভারতের সেরা স্টাইল আইকনের! আর যে-সে দেননি এ খেতাব, দিয়েছেন ভারতের জাতীয় পুরস্কার পাওয়া ডিজাইনার ওয়েন্ডেল রডরিকস। সোনমের জন্মদিন উপলক্ষে রডরিকস তার ফেসবুক পেজে লিখেছেন, সোনমই বর্তমান ভারতের সেরা স্টাইল আইকন। জন্মদিনে সামাজিক যোগাযোগ সাইটগুলোতে সোনমকে শুভেচ্ছা জানিয়েছেন বিপাশা বসু, আরবাজ খান, নার্গিস ফাখরিসহ তার অঙ্গনের প্রিয় সহকর্মীরা। তবে রডরিকস সোনমকে যেমন বদান্যতায় ভাসিয়েছেন, তেমনি আবেদন জানিয়েছেন কোনো একটি আর্ট ফিল্মে অভিনয় করার। এখন দেখা যাক বন্ধুর এমন আবদার রাখেন কিনা রানঝানা তারকা সোনম।

### আপনি জানেন কি




## ওজন কমালেন অক্ষয়

৬ জুন মুক্তি পেয়েছে অক্ষয় কুমারের অ্যাকশন ছবি 'হলিডে'। ছবিটিতে একজন সৈনিকের চরিত্রে অভিনয় করেছেন অক্ষয়। আর এজন্য বেশ খানিকটা ওজন কমাতে হয়েছে তাকে। যেজন্য ভক্তরা পর্দায় অক্ষয়কে দেখতে পাচ্ছেন অন্তত ১২ বছর কম বয়সী হিসেবে। বলিউড বক্স অফিসে বর্তমানে ১ নম্বরে থাকা ছবিটি এরই মধ্যে আয় করেছে ৪১ কোটি রুপি। তাই বলা যায় ৫০ দেশের ৪শ সিনেমা হলে মুক্তি পাওয়া 'হলিডে' দিয়ে আবারো বক্স অফিস মাত করতে চলেছেন অক্ষয়। অক্ষয় কুমার আর সোনাক্ষী সিনহার ছবিটি ২০১২ সালে মুক্তি পাওয়া তামিল ছবি 'থুপ্পাক্কি'র রিমেক।

## রুপু হিমেলের স্বপ্ন



অভিনয়-দক্ষতা দিয়ে অনেক দূর যেতে চান বর্তমান প্রজন্মের জনপ্রিয় অভিনেতা রুপু হিমেল। এরই মধ্যে নিজের মেধা আর যোগ্যতায় মিডিয়ায় শক্ত অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছেন এ কুশলী অভিনেতা। নাটক আর বিজ্ঞাপনে ব্যস্ত সময় পার করছেন তিনি। অভিনয়ে নিজের দক্ষতা প্রমাণ করেছেন। অভিনয়ের মাধ্যমে দর্শকদের হৃদয়ে একটি স্থায়ী আসন গড়তে চান বলে জানালেন তিনি। অভিনয়ের পাশাপাশি বিভিন্ন সামাজিক ও মানবিক কাজেও নিজেকে সংশ্লিষ্ট রাখতে চান রুপু হিমেল।

গ্রন্থনা : **সুমাইয়া শিফাত**